

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯

পর্ব - ১ ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. পানি - স্ত্রীর গোসলের অবশিষ্ট পানি দ্বারা পুরুষের গোসল বৈধ

আরবী

وَلِأَصنْحَابِ السُّنَنِ: اغْتَسَلَ بَعْضُ أَزْوَاجِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ فِي جَفْنَةٍ, فَجَاءَ لِيَغْتَسِلَ مِنْهَا, فَقَالَتْ لَهُ: إِنِّي كُنْتُ جُنُبًا؟ فَقَالَ: «إِنَّ الْمَاءَ لَا يُجْنِبُ». وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ خُزَيْمَةَ

صحيح. رواه أبو داود (68)، والترمذي (65)، وابن ماجه (370) من طريق سماك بن حرب، عن عكرمة، عن ابن عباس، قال: ... الحديث. قال الترمذي: «هذا حديث حسن صحيح». قلت: وهو كذلك وإن كان من رواية سماك، عن عكرمة، وهي معلولة. «تنبيه»: وهم الحافظ في عزوة لأصحاب «السنن» إذ لم يخرجه النسائي، وأيضا تصحيح ابن خزيمة لغير هذا اللفظ

বাংলা

৯। আর সুনান চতুষ্টয় (আবূ দাউদ, নাসায়ী, তিরমিয়ী ও ইবনু মাজাহ)-র বর্ণনায় উল্লেখ রয়েছেঃ "গামলার পানিতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জনৈকা স্ত্রী গোসল করেছিলেন, অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর (অবশিষ্ট) পানি দিয়ে গোসল করতে এলে তাঁর স্ত্রী তাঁকে বললেন, আমি তো (জুনুবী) অপবিত্র ছিলাম। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'পানি তো আর অপবিত্র হয় না।' তিরমিয়ী ও ইবনু খুযাইমাহ একে সহীহ বলেছেন।[1]

English

And Ashab As-Sunan (compilers of the prophet's sayings) reported that one



of the wives of the Prophet (ﷺ) took bath from a vessel, then came the Prophet (ﷺ) and when he wanted to take bath from that (vessel), she said, "I was sexually impure". He said, "Water does not become sexually impure". [At-Tirmidhi and Ibn huzaima graded it Sahih (sound)].

ফুটনোট

[1] আবু দাউদ (৬৮); তিরমিয়ী (৬৫); ইবনু মাযাহ (৩৭০); সাম্মাক বিন হারব সূত্রে। তিনি ইকরিমাহ হতে, তিনি ইবনু আব্বাস হতে হাদীসটি বর্ণনা করেছেন। ইমাম তিরমিয়ী বলেন: "এ হাদীসটি হাসান সহীহ"। মুহাক্কিক সুমাইর আয-যুহাইরি বুলুগুল মারামের ব্যাখ্যা গ্রন্থে বলেন: সনদটি সেরকমই। যদি তা সাম্মাক হতে ইকরিমা সূত্রে বর্ণিত হয়ে থাকে। এটা معلولة (ক্রটিযুক্ত)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন